

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৫.১৯-৬২

তারিখঃ ২৮/০১/২০২০ খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ মিলন, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, বামনা, বরগুণা (সাময়িক বরখাস্তকৃত অবস্থায় বরগুণা জেলা দপ্তরে সংযুক্ত) হিসেবে কর্মকালীন সুফলভোগীর কাছ থেকে আদায়কৃত সঞ্চয় ও ঋণের অর্থ হতে ৬৯৮৩৭.০০ টাকা ব্যাংকে জমা না দিয়ে হস্তমজুদ/আত্মসাৎ, চুরির অভিযোগ এনে পরিকল্পিতভাবে এআরডিও জনাব শাহাদাৎ হোসেনকে অফিস কক্ষে শারীরিকভাবে লাঞ্চিত করা সহ দায়িত্বে অবহেলার জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ বৃদ্ধি ও কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বিতরণ না করার অভিযোগে স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৮.১৮-০২ তারিখঃ ০১/০১/২০১৯ খ্রিঃ মূলে তাকে সাময়িক বরখাস্ত করে বরগুণা জেলা দপ্তরে সংযুক্ত করা হয় এবং ব্যাখ্যা তলব করা হয়। পরবর্তীতে ব্যাখ্যা তলবের জবাব সন্তোষজনক না হলে বিভাগীয় মামলা রুজু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২। যেহেতু, জনাব মোঃ মিলন, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, বামনা, বরগুণা (সাময়িক বরখাস্তকৃত অবস্থায় বরগুণা জেলা দপ্তরে সংযুক্ত) হিসেবে কর্মকালীন দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, অর্থ তসরূপ ও আত্মসাতজনিত গুরুতর শাস্তিযোগ্য অপরাধের অভিযোগে বিভাগীয় মামলা (বিভাগীয় মামলা নং-০৩/২০১৯) রুজু করে স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৫.১৯-১৭৯ তারিখঃ ০২/০৪/২০১৯ খ্রিঃ মূলে অভিযোগনামা গঠন করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।


৩। যেহেতু, তিনি ১০/০৪/২০১৯ খ্রিঃ মূলে ১ম কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয় নি ; বিধায় উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.১৯-২৫৫ তারিখঃ ১০/০৬/২০১৯ খ্রিঃ মূলে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিগত ০৪/১১/২০১৯ খ্রিঃ মূলে বর্ণিত মাঠ সংগঠকের বিরুদ্ধে আনীত সকল অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৪। যেহেতু, উক্ত প্রতিবেদনের আলোকে স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.১৯-৫১২ তারিখঃ ১৪/১১/২০১৯ খ্রিঃ মূলে তাঁকে ২য়/চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তিনি অদ্যাবধি কোন জবাব প্রদান করেন নি। এতে প্রতীয়মান হয় যে তাঁর পূর্বের বক্তব্যের ভিন্নরূপ কোন মত নেই অর্থাৎ তিনি তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ স্বীকার করে নিয়েছেন।

৫। যেহেতু, বিভাগীয় মামলায় জনাব মোঃ মিলন, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, বামনা, বরগুণা (সাময়িক বরখাস্তকৃত অবস্থায় বরগুণা জেলা দপ্তরে সংযুক্ত) কর্তৃক দাখিলকৃত জবাব, প্রমাণাদি, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও মামলা সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা পূর্বক তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

৬। সেহেতু, এক্ষণে জনাব মোঃ মিলন, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, বামনা, বরগুণা (সাময়িক বরখাস্তকৃত অবস্থায় বরগুণা জেলা দপ্তরে সংযুক্ত) এর বিরুদ্ধে আনীত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, অর্থ তসরূপ ও আত্মসাতজনিত গুরুতর শাস্তিযোগ্য অপরাধে শৃঙ্খলা ও আপিল বিধিমালা মোতাবেক তাঁকে দোষী সাব্যস্ত করতঃ কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ পূর্বক বিভাগীয় মামলাটি (বিভাগীয় মামলা নং ০৩/২০১৯) নিষ্পত্তি করা হলো।

৭। আত্মসাতকৃত সরকারী অর্থ আগামী ০১ মাসের মধ্যে জমা প্রদান করার জন্য জনাব মোঃ মিলন, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি (সাময়িক বরখাস্তকৃত অবস্থায় বরগুণা জেলা দপ্তরে সংযুক্ত) কে বলা হলো অন্যথায় অর্থ আদায়ের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৫.১৯-৬০

তারিখঃ ২৮/০১/২০২০ খ্রিঃ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জনাব মোঃ মিলন, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি (সাময়িক বরখাস্তকৃত অবস্থায় বরগুণা জেলা দপ্তরে সংযুক্ত)। (বিভাগীয় মামলা নং-০৩/২০১৯ এর বিবাদী)।
- ২। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ বামনা জেলাঃ বরগুণা।
- ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ বামনা জেলাঃ বরগুণা।
- ৪। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
- ৫। উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরগুণা।
- ৬। ব্যক্তিগত/ সংশ্লিষ্ট নথি।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

শামীমা আক্তার  
সহকারী পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা